লেন্স এশিয়া

২৬ জুলাই, ২০২৬

# জিয়াউর রহমান-খালেদা জিয়ার সমাধিতে অস্থায়ী রাষ্ট্রপতির শ্রদ্ধা



অস্থায়ী রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন। ছবি: সংগৃহীত

অস্থায়ী রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথম কর্মদিবসেই প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানিয়েছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। এ সময় তিনি তাদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত করেন।

রোববার (২৬ জুলাই) দুপুরে রাজধানীর জিয়া উদ্যানে গিয়ে সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন তিনি।

এর আগে দিনের শুরুতে সাভারের জাতীয় স্মৃতিসৌধে যান অস্থায়ী রাষ্ট্রপতি। সেখানে মুক্তিযুদ্ধে নিহত শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করেন তিনি।

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন গত শুক্রবার (২৪ জুলাই) পদত্যাগ করার পর সংবিধানের বিধান অনুযায়ী রাষ্ট্রপতির দায়িত্ব স্পিকার হাফিজ উদ্দিন আহমদ-এর ওপর ন্যস্ত হয়। দায়িত্ব গ্রহণের পর রোববারই ছিল অস্থায়ী রাষ্ট্রপতি হিসেবে তার প্রথম কর্মদিবস।

LENS ASIA